

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ,
সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

পূর্ণমান : ৬০

সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) উইলিয়ম কেরী রচিত দুটি গদ্যগ্রন্থের নাম প্রকাশকাল-সহ লেখো।
- খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা কে? কত সালে গ্রন্থটি প্রকাশিত হয়?
- গ) 'বিজ্ঞানরহস্য' ও 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধ গ্রন্থ দুটির রচয়িতা কে? প্রবন্ধ গ্রন্থ দুটির প্রকাশকাল লেখো।
- ঘ) বাংলা কাব্যসাহিত্যে প্রথম আদর্শ সাহিত্যিক মহাকাব্য কে রচনা করেন? মহাকাব্যটির নাম উল্লেখ করো।
- ঙ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো :
সোনার তরী, অগ্নিবীণা, বনলতা সেন, সাধের আসন।

(পরের পাতায়)

- চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি সামাজিক উপন্যাস ও একটি রাজনৈতিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লেখো।
- ছ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ঐতিহাসিক উপন্যাস ও একটি মনঃস্তাত্ত্বিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লেখো।
- জ) উপন্যাসিকদের নাম লেখো :
গৃহদাহ, রাজসিংহ, শেষের কবিতা, শ্রীকান্ত।
- ঝ) ছোটগল্পকারদের নাম লেখো :
বেদেনী, কিম্বর দল, রসকলি, হারানের নাতজামাই।
- ঞ) 'সমাচার দর্পণ' পত্রিকাটি প্রথম কত সালে প্রকাশিত হয়? পত্রিকাটির সম্পাদক কে?
- ট) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি নৃত্যনাট্য এবং একটি গীতিনাট্যের নাম প্রকাশকাল-সহ লেখো।
- ঠ) নাট্যকারদের নাম লেখো :
কৃষ্ণকুমারী, নীলদর্পণ, প্রফুল্ল, সাজাহান।
- ড) বঙ্গালী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ঢ) জন্ম > জন্ম > জাম -এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? এই ধ্বনি পরিবর্তন বাংলা ভাষার কোন্ কালসীমায় দেখা যায়?
- ণ) সাধু ও চলিত বাংলা ভাষার দুটি পার্থক্য উদাহরণসহ লিপিবদ্ধ করো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন লেখকের কৃতিত্ব আলোচনা করো।
- খ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? বাংলা কাব্যে তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

- গ) বাংলা ছোটগল্পে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- ঘ) 'সবুজপত্র' পত্রিকাটি কে কত সালে সম্পাদনা করেন? বাংলা সাহিত্যে এই পত্রিকার গুরুত্ব বুঝিয়ে দাও।
- ঙ) বিদেশী শব্দের প্রভাবে বাংলা শব্দভাণ্ডার কীভাবে সমৃদ্ধ হয়েছে তা আলোচনা করো।
- চ) টীকা লেখো (যে-কোনো দুটি) :
অপিনিহিতি, সমীভবন, মধ্যস্বরলোপ, স্বরসঙ্গতি।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) বাংলা গদ্যসাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- খ) বাংলা সাহিত্যে 'সাহিত্য সম্রাট' কাকে বলা হয়? বাংলা উপন্যাসে তাঁর কৃতিত্ব আলোচনা করো।
- গ) বাংলা নাট্যসাহিত্যে দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব নিরূপণ করো।
- ঘ) কালসীমা উল্লেখ করে আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।